

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ৬/১৩বিবিধ-২০/২০০৯/২৪৪

তারিখ: ২২/০৩/২০১০খ্রিঃ

পরিপত্র

২০১০ সালে আসন্ন একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া সহজতর করা এবং ভর্তি সংক্রান্ত কার্যক্রম যথাসম্ভব অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে দেশের সকল সরকারি ও বেসরকারি কলেজসমূহে নিম্নরূপভাবে ওয়েবসাইট তৈরী ও হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

১. যে সকল সরকারি ও বেসরকারি কলেজের নিজস্ব ওয়েবসাইট নেই সে সকল কলেজ আগামী ২০ এপ্রিল, ২০১০ তারিখের মধ্যে ওয়েবসাইট তৈরী করবে এবং ওয়েবসাইটের শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে ;
২. সরকারি কলেজসমূহ ওয়েবসাইট তৈরী এবং ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যয় সরকারের বিধিবিধান মোতাবেক কলেজের নিজস্ব তহবিল হতে নির্বাহ করতে পারবে। এ ব্যয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক অনুমোদন গ্রহণের প্রয়োজন হবেনা ;
৩. ওয়েবসাইটে কলেজের বিভিন্ন তথ্য যেমন: কলেজের ইতিহাস, পঠিত বিষয়/বিভাগসমূহ, শিক্ষক/শিক্ষিকার তথ্য, অনুমোদিত ও পূরণকৃত পদের তথ্য, ছাত্র-ছাত্রীর তথ্য, বিগত তিনটি পাবলিক পরীক্ষার ফলাফল সংক্রান্ত তথ্য, বিভিন্ন বিষয়/বিভাগে ভর্তির আসন সংখ্যা, কলেজের নিয়ম কানুন, ছাত্র ছাত্রীদের করণীয় ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে ;
৪. ওয়েবসাইটে বিভিন্নরূপ সেবা অন্তর্ভুক্ত থাকবে যেমন: ভর্তির আবেদনের ফরম, ক্লাস রুটিন, বিজ্ঞপ্তি সমূহ, ভর্তির আবেদনকারীদের রোল নম্বরসহ তালিকা, ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীর তালিকা, ভর্তি সংক্রান্ত নির্দেশনা। এ ছাড়াও নতুন নতুন সেবা অন্তর্ভুক্ত করার প্রচেষ্টা চলমান থাকবে ;
৫. ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করা, সমস্যার উদ্ভব হলে তার সমাধান করা ইত্যাদি তথা সার্বিক ব্যবস্থাপনার জন্য এ বিষয়ে কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল না থাকলে আউট সোর্সিং এর মাধ্যমে এ কাজ চালাতে হবে। সম্ভব হলে প্রতিষ্ঠানের একজন কর্মকর্তা অথবা একজন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করে তাকে দিয়ে নিয়মিত ভাবে ওয়েবসাইটের কাজ করাতে হবে।

৯২২৪৪৪
২২/৩/১০
(নাহারিন চৌধুরী)
উপ-সচিব (কলেজ)
ফোনঃ ৭১৬৫৪৩৭

বিতরণঃ

অধ্যক্ষ,
.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
২. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।